



ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এম. পি
মন্ত্রী

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বাণী

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ২৫ বছরে পদার্পণ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ উপলক্ষে বিএসইসি'র বর্তমান ও প্রাক্তন সকল চেয়ারম্যান, কমিশনার এবং কর্মচারীকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

বিনিয়োগের মাধ্যমে দেশের অর্থনীতি শক্তিশালী করার লক্ষ্য নিয়ে বিএসইসি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিএসইসি ১৯৯৩ সালে স্বল্প পরিসরে আত্মপ্রকাশ করে। সময়ের পথচলায় নানা চ্যালেঞ্জ মোকাবেলা করে প্রতিষ্ঠানটি ২৫ বছর পূর্ণ করেছে। একটি প্রতিষ্ঠানের জন্য এ অর্জন নিঃসন্দেহে অত্যন্ত আনন্দের বিষয়, সাফল্যের বিষয়। সাফল্যের এ পথচলায় মতিঝিলে ভাড়া অফিস থেকে বিএসইসি আজ আগারগাঁও নিজস্ব ভবনে তার কর্মকাণ্ড পরিচালনা করছে। এ ভবন নির্মাণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গণপূর্ত বিভাগ ও স্থাপত্য অধিদপ্তর নিরলস পরিশ্রম করেছে। নিজস্ব নতুন ভবনে বিসিইএস তার কর্মসূচিকে আরো জোরদার করতে সক্ষম হয়েছে বলে আমার বিশ্বাস।

আমার জানামতে মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় পুঁজিবাজার সম্পর্কে বিনিয়োগকারীদের জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে বিএসইসি দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। আমি জেনে খুশি হয়েছি যে, এই প্রয়াসকে আরও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে বিএসইসি একটি স্বতন্ত্র একাডেমি প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে। একাডেমি প্রতিষ্ঠার এ উদ্যোগকে বাস্তবরূপ দিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের পক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস প্রদান করছি। আগামীতে দেশের উন্নয়ন আরো গতিশীল করতে বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে বিএসইসিকে নতুন নতুন কর্মসূচি গ্রহণ করতে হবে বলে আমি মনে করি।

আমি বিএসইসির ২৫ বৎসর পূর্তি উপলক্ষে গৃহীত কর্মসূচির সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, এমপি

